

আপনার ওষুধের সম্পর্কে বিষয়গুলো জানুন

প্রচলিত ধারণা	আসল তথ্য
আমি সুস্থ বোধ করছি। আমার মনে হয় না আমার ওষুধ দরকার আছে।	<ul style="list-style-type: none">আপনি সুস্থ বোধ করছেন মানে এই নয় যে আপনি আরোগ্য লাভ করেছেন।উচ্চ রক্তচাপ, উচ্চ কোলেস্টেরল এবং ডায়াবেটিস আপনার শরীরের ক্ষতি করতে পারে, এমনকি আপনার কোনো উপসর্গ দেখা না দিলেও এবং আপনি সুস্থ বোধ করলেও।যখন এইসব অবস্থার জন্য ওষুধ দেয়া হয়, আপনার শরীর যাতে সময়ে সময়ে ক্ষতিগ্রস্ত না হয় তা প্রতিরোধ করতে ওষুধগুলো নিতে থাকুন।
আমার রক্তচাপ ও শর্করার মাত্রা ঠিক আছে। আমি কম ওষুধ নিতে পারি বা বন্ধও করে দিতে পারি।	<ul style="list-style-type: none">আপনার রক্তচাপ ও শর্করার মাত্রা ভালো থাকলেও, আপনার ওষুধ নেয়া চালিয়ে যাওয়া গুরুত্বপূর্ণ।আপনার ডাক্তারকে প্রথমে জিজ্ঞাসা না করে ওষুধ নেয়া বন্ধ বা কম করবেন না।
জেনেরিক ওষুধ ব্র্যান্ডের ওষুধের থেকে ভালো বা নিরাপদ নয়।	<ul style="list-style-type: none">জেনেরিক ওষুধও কাজ করে এবং সাধারণত দাম কম হয়।সমস্ত জেনেরিক বা ব্র্যান্ডের ওষুধ নিরাপত্তার জন্য পর্যালোচনা করা হয়।
আমার ওষুধ সম্পর্কে প্রশ্নের উত্তর শুধু আমার ডাক্তার দিতে পারবে।	<ul style="list-style-type: none">আপনার ফার্মাসিস্টকেও জিজ্ঞাসা করতে পারেন।ফার্মাসিস্ট আপনাকে প্রেসক্রিপশন অনুসারে ওষুধ নিতে সাহায্য করবেন এবং পার্শ্ব প্রতিক্রিয়া পরিচালনায় সাহায্য করবে।
ওষুধ নিলে যৌন সমস্যা দেখা দেয়।	<ul style="list-style-type: none">কিছু ওষুধ থেকে যৌন সমস্যা হতে পারে।আপনার প্রদানকারী বা ফার্মাসিস্টের সঙ্গে আপনার উদ্বেগ নিয়ে কথা বলুন। কখনও কখনও আপনার ওষুধ পরিবর্তন করতে হতে পারে যার ফলে আপনার অল্প-স্বল্প পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে বা একেবারেই না দেখা দিতে পারে।
আমি সর্বদা বিনা প্রেসক্রিপশনে প্রাপ্ত ওষুধ, ভেষজ ওষুধ, বাসায় প্রতিকার এবং প্রেসক্রিপশনের ওষুধের সম্পূর্ণক ওষুধ ব্যবহার করতে পারি।	<ul style="list-style-type: none">প্রেসক্রিপশনের ওষুধের সঙ্গে বিনা প্রেসক্রিপশনে প্রাপ্ত ওষুধ, ভেষজ ওষুধ, বাসায় প্রতিকার সম্পূর্ণক ওষুধ মিশিয়ে ফেলা বিপজ্জনক।আপনি যা যা ওষুধ নেন তা আপনার ডাক্তার বা ফার্মাসিস্টকে বলুন।
ভিন্ন ভিন্ন ফার্মেসি থেকে আমি আমার ওষুধ নিলেও সেটা কোনো ব্যাপার নয়।	<ul style="list-style-type: none">আপনার ফার্মাসিস্টের সঙ্গে যাতে আপনার ভালো সম্পর্ক তৈরি হয়ে যায় তাই নিয়মিত একই ফার্মেসিতে যান।ফার্মাসিস্টরা ওষুধ বিশেষজ্ঞ। আপনার ওষুধ নিয়ে কোনো সমস্যা হলে তারা আপনাকে সঠিকভাবে ওষুধ নেয়ার উপদেশ দিতে পারবেন, পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করতে পারবেন এবং আপনার প্রদানকারীর সঙ্গে কাজ করতে সহায়তা করবেন।এছাড়াও আপনি আপনার ফার্মাসিস্টকে একই পরিমাণে বা রিফিল সময়সূচীতে দেয়ার জন্য বলতে পারেন, যা আপনাকে আপনার ওষুধ ব্যবস্থাপনা করতে সাহায্য করবে।
একবারেই আমার শুধুমাত্র 30 দিনের ওষুধ কিনলেই হয়ে যাবে।	<ul style="list-style-type: none">কিছু প্রেসক্রিপশনের ক্ষেত্রে সময়কাল দীর্ঘ হতে পারে যেমন 60 বা 90 দিন।আপনার কী কী বিকল্প আছে তার জন্য আপনার ডাক্তার বা ফার্মাসিস্টের সঙ্গে কথা বলুন।

আপনার ওষুধ নেয়া সম্পর্কে আরো তথ্যের জন্য,
আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ফার্মাসিস্টের সঙ্গে কথা বলুন।